দৈনিক
জনকণ্ঠ

তারিখ 17 JAN 2013
পৃষ্ঠা ৩ কলাম ৫

# ঢাবিতে ভর্তি পরীক্ষা ॥ এবার আসনপ্রতি ১৮ প্রতিযোগী

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** এবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স ভর্তি পরীক্ষায় প্রতিআসনের বিপরীতে প্রায় ১৮ শিক্ষার্থী প্রতিযোগিতা করবে। চারটি ইউনিটের ৪৩শ' ৮টি আসনের জন্য ভর্তি ফরম বিতরণ করা হয়েছে ৭৭ হাজার ৫০টি- যা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি ইতিহাসে নজিরবিহীন ঘটনা। বৃহস্পতিবার ছিল ভর্তি ফরম বিতরণ ও জমা দেয়ার শেষ দিন। জানা গেছে, এবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৪৮টি বিভাগে অনার্স প্রথম বর্ষে ৪৩শ' ৮টি আসন বরাদ্দ করা হয়েছে। এর মধ্যে বিজ্ঞানে ১৩শ' ৮টি (বিজ্ঞান অনুষদে ৮শ' ৮, জীববিজ্ঞান অনুষদে ৪শ' ৪৫ এবং ফার্মেসি অনুষদে ৫৫টি), মানবিকে ২১শ' ৮৬টি (সামাজিক অনুষদে ১ হাজার ৫৫ এবং কলা অনুষদে ১১শ' ৩১), বাণিজ্যে ৭শ' ৪টি এবং আইন অনুষদে ১শ' ১০টি আসন রয়েছে। এই ৪৩শ' ৮টি আসনের জন্য ৪টি ইউনিটের মাধ্যমে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ইউনিটগুলো হলো 'ক' (বিজ্ঞান), 'খ' (মানবিক), 'গ' (বাণিজ্য) এবং 'ঘ' (সম্মিলিত)।

এবার আইন অনুষদের ১শ' ১০টি আসনসহ 'ঘ' ইউনিটের জন্য ৬শ' ৬০টি আসন রয়েছে। বাকি তিন হাজার ৬শ' ৪৮টি অন্য তিনটি ইউনিটের।

জানা গেছে, এবারের ৪৩শ' ৮টি আসনের বিপরীতে ৭৭ হাজার ৫০টি ফরম বিক্রি হয়েছে। এর মধ্যে ক ইউনিটের ২০ হাজার ৫শ' ৮৪টি, খ ইউনিটের ১৬ হাজার ৩শ' ৫৯টি, গ ইউনিটের ১৮ হাজার ৫শ' ৩৮টি এবং ঘ ইউনিটের জন্য ২১ হাজার ৫শ' ৯৬টি। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবার ভর্তি ফরম বিক্রি করে আয় করেছে এক কোটি ৯২ লাখ ৬২ হাজার ৫শ' টাকা। প্রতিফরমের মূল্য ধরা হয় ২শ' ৫০ টাকা। ভর্তি পরীক্ষা ১৭ জানুয়ারি 'গ' (বাণিজ্য) ইউনিটের মাধ্যমে শুরু হবে। এক সপ্তাহ পর পর ২৪ জানুয়ারি 'ঘ' ইউনিট, ৩১ জানুয়ারি 'খ' ইউনিট এবং সর্বশেষ ৭ ফেব্রুয়ারি 'ক' বিজ্ঞান ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রসঙ্গত, গত বছর ৬৩ হাজার ছাত্রছাত্রী ভর্তিযুদ্ধে অংশ নিয়েছিল। এবার ৭৭ হাজার ৫০ জন অংশ নিচ্ছে। যদিও অনেকে ভেবেছিলেন, এইচএসসির ফল বিপর্যয়ের কারণে এবারের ভর্তি পরীক্ষায় কম প্রতিযোগিতা হবে। কিন্তু এবারই সবচেয়ে বেশি প্রতিযোগিতা হচ্ছে।